

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৩৮
আগরতলা, ২ মার্চ, ২০২৪

**চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্প সম্পর্কিত স্পাষ্টিকরণ
চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পটি বাতিল করা হয়নি**

চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পের শুভ সূচনা হয়েছে গত ১৫ ফেব্রুয়ারি ২০২৪। এই প্রকল্পে সুবিধাভোগীরা পরিবার পিছু বার্ষিক ৫ লাখ টাকার স্বাস্থ্য বীমার সুবিধা পাবেন। সম্প্রতি ত্রিপুরা স্বাস্থ্য সুরক্ষা সমিতির চিফ এক্সিকিউটিভ অফিসার গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৪ চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পের একটি মেমোরেণ্ডাম (Z20025/1/24/THPS/Launching of CMJAY dated 26.02.2024) ইস্যু করেন। এই মেমোরেণ্ডামটিতে কিছু টেকনিক্যাল ত্রুটি থাকার কারণে সেই মেমোরেণ্ডামটি আজ অপর একটি মেমোরেণ্ডামের মাধ্যমে (Z20025/1/24/THPS/Launching of CMJAY dated 2.3.2024) বাতিল করা হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে ত্রিপুরা হেলথ প্রোটেকশন সোসাইটির চিফ এক্সিকিউটিভ অফিসার এক প্রেস রিলিজে জানিয়েছেন, চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পটি বাতিল করা হয়নি। সোশ্যাল মিডিয়াতে এবং বিভিন্ন গণমাধ্যমে এমন গুঞ্জন শোনা যাচ্ছে যে চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পটি বাতিল করা হয়েছে। কিন্তু বাস্তবে সেটা একেবারেই ভুল তথ্য। প্রেস রিলিজে জনগণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে আজ ইস্যু করা মেমোরেণ্ডামটি আগের মেমোরেণ্ডামটি বাতিল করার উদ্দেশ্যে ইস্যু করা হয়েছে। এর সাথে প্রকল্প বাতিল হওয়ার কোন যোগসূত্র নেই। জনগণের উদ্দেশ্যে অনুরোধ জানানো হচ্ছে যে তারা যেন বিভ্রান্তি না হন। প্রেস রিলিজে জানানো হয়েছে চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পটি চালু থাকবে। এই প্রকল্পে এখন পর্যন্ত মোট ১,৭৮,৭৮৭ জন সুবিধাভোগীকে CMJAY 2023 প্রকল্পের আয়ুস্মান কার্ড দেওয়া হয়েছে এবং মোট ৮৮,৪৭২ সংখ্যক পরিবার এই প্রকল্পের আওতায় এসেছে।
